| MONDOL INTIMATES LIMITED | শিরোনাম | নিডেল পলিসি। |
|---|---|---|
| | Last Update | জানুয়ারী ০৪, ২০২০ ইং |
| | Next Update | জানুয়ারী ০৪, ২০২১ ইং |
| | রেকর্ড নম্বর, ডকুমেন্ট | MI/Policy |

# নিডেল পলিসি।

## (Needle Policy)

**মন্ডল ইন্টিমেটস্ লিমিটেড** তার কর্মীদের সর্বোচ্চ স্বাস্থ্য নিরাপত্তা সুবিধা দিয়ে থাকে। সুইং মেশিনে কাজ চলাকালে বিভিন্ন কারণে উৎপাদিত গার্মেন্টেস এর সেলাইয়ে সমস্যা হতে পারে । গার্মেন্টস এর সেলাই সংশ্লিষ্ট সমস্যা সমাধানের জন্য নিডেল ব্যবহারের প্রয়োজন হয়। গার্মেন্টস ব্যবহারকারীর স্বাস্থ্যগত নিরাপত্তা এবং আমাদের ক্রেতাদের নির্ধারিত আচরণ বিধি (Code of conduct) অনুযায়ী এই নিড্‌ল ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

১. <u>নিড্‌ল উত্তোলন এবং প্রতিবেদন পেশকরণ (Needle receive & submition of report)</u>

ক) চাহিদাপত্রের মাধ্যমে **নিড্‌ল প্রদানকারী** রিকুইজিশন এর মাধ্যমে (Needleman) প্রয়োজনীয় নিড্‌ল স্টোর হতে উত্তোলন করবে।

খ) প্রতিদিনের নিড্‌ল খরচের পূর্ণাঙ্গ হিসাব **নিড্‌ল প্রদানকারী** নির্দিষ্ট রেজিষ্টারে লিপিবদ্ধ রাখবে।

গ) **নিড্‌ল প্রদানকারী** মাস শেষে সারা মাসের নিড্‌ল ব্যয়ের সম্পূর্ণ বিবরণ এবং ভাংগা/ ব্যবহৃত নিড্‌লের একটি প্রতিবেদন তৈরি করে সংশিষ্ট ষ্টোর কিপার এর নিকট জমা দিবে।

ঘ) **নিড্‌ল প্রদানকারীর** দেয়া প্রতিবেদন যাচাইপূর্বক **ষ্টোর কিপার** এবং পরবর্তীতে **ষ্টোর ইনচার্জ** তাতে স্বাক্ষর করবেন এবং **নিড্‌ল প্রদানকারীকে** নতুন নিড্‌ল ইস্যু করবেন।

ঙ) পূর্ববর্তী মাসের প্রতিবেদনের বর্ণিত হিসাব যাচাই না করে বা ব্যবহৃত ও ভাঙ্গা নিড্‌ল ফেরত না নিয়ে কোন অবস্থাতেই নতুন নিড্‌ল ইস্যু করা যাবে না।

২. <u>নিড্‌ল বিতরণ (Needle issue)</u> ঃ কেবলমাত্র নিম্ন লিখিত শর্তাবলী পালন সাপেক্ষে নতুন নিড্‌ল ইস্যু করা হবে;

ক) নিড্‌ল ভেঙ্গে গেলে সংশিষ্ট অপারেটর/ব্যবহারকারী ভেঙ্গে যাওয়া নিড্‌ল এর সকল ভাঙ্গা অংশ সহ নিড্‌ল প্রদানকারীর নিকট জমা দিয়ে নতুন নিড্‌ল সংগ্রহ করতে পারবে।

খ) যদি কোন ব্যবহারকারীর নিড্‌ল বাঁকা বা অকেজো হয়ে যায় তবে বাঁকা বা অকেজো হয়ে যাওয়া নিড্‌লটি নিড্‌ল সরবরাহকারীর নিকট জমা দিয়ে নতুন নিড্‌ল সংগ্রহ করতে পারবে ।

গ) ভাঙ্গা নিড্‌ল এর ক্ষেত্রে, নিড্‌লের সকল ভাঙ্গা অংশ নিড্‌ল সরবরাহকারীর নিকট জমা না হলে নতুন নিড্‌ল ইস্যু করা যাবে না।

ঘ) ভাঙ্গা নিড্‌ল পরিবর্তনের পূর্বে নিড্‌লের সকল ভাঙ্গা অংশ মিলিয়ে দেখতে হবে যে, অংশগুলো একই নিড্‌লের কিনা বা সকল অংশ জমা হয়েছে কিনা।

ঙ) অপারেটর/ব্যবহারকারী যে নম্বরের এবং সাইজের নিড্‌ল জমা করবে তাকে ঠিক সেই নম্বরের এবং সাইজের নতুন নিড্‌ল ইস্যু করতে হবে। ভিন্ন নম্বর এবং সাইজের নিড্‌ল প্রয়োজনে সংশ্লিষ্ট সেকশন প্রধানের অনুমোদন সাপেক্ষে প্রদান করা যাবে।

চ) সেকশন প্রধান নিডেল ব্যবহারকারীর তথ্য নির্ধারিত Sharp tools register এ প্রতিদিন লিপিবদ্ধ করবেন এবং কাজ শেষে নিডেল ফেরত নিবেন এবং রেজিষ্টারে স্বাক্ষর করবেন।

| প্রস্তুতকারী | মানবসম্পদ এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
|---|---|---|
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |

৩. নিড্‌লের ভেঙ্গে যাওয়া অংশ খুঁজে পাওয়া না গেলে (If the broken parts of neddle are not found) ঃ

যদি কোন কারণে ভেঙ্গে যাওয়া নিড্‌ল এর সকল ভাঙ্গা অংশ খুঁজে পাওয়া না যায় তবে নিম্নলিখিত পদক্ষেপ সমুহ পর্যায়ক্রমে যথাযথভাবে গ্রহন করে নিড্‌লের ভাঙ্গা অংশ খুঁজে বের করতে হবে ;

ক। সংশিষ্ট অপারেটর/ব্যবহারকারী তার লাইন লিডার বা গ্রুপ লিডার জানাবে। গ্রুপ লিডার কর্তব্যরত মেকানিকের সাহায্যে হ্যান্ড নিডেল ডিক্টেকর দিয়ে সংশিষ্ট মেশিন, মেশিন সংলগ্ন এলাকা এবং সংলগ্ন এলাকার সকল গার্মেন্ট প্যানেলগুলো ভালভাবে পরীক্ষা করতে হবে।।

খ। নিড্‌ল এর ভাঙ্গা অংশ হ্যান্ড নিডেল ডিক্টেকর এর মাধ্যমে খুঁজে পাওয়া না গেলে, ভেঙ্গে যাওয়া নিড্‌ল মেশিনের ২.৫ মিটার এলাকার মধ্যে অবস্থিত সকল গার্মেন্ট প্যানেল একটি পাস্টিক ব্যগে ভরে নিয়ে নিড্‌ল সনাক্তকারী যন্ত্র (Needle detecting machine) এর মাধ্যমে পরীক্ষা করতে হবে।

গ। নিড্‌ল সনাক্তকারী যন্ত্রে পাস হওয়া গার্মেন্ট/প্যানেলগুলো সংশ্লিষ্ট লাইনে ফেরত যাবে এবং যে সব গার্মেন্ট/ প্যানেল নিড্‌ল সনাক্তকারী যন্ত্রে পাস হবে না সেগুলো নিড্‌ল সনাক্তে ব্যর্থ নির্ধারিত বক্সে (Needle detection failure box)-এ জমা করতে হবে।

উপরের কাজগুলো করার পরও যদি নিড্‌ল এর ভাঙ্গা অংশ পাওয়া না যায় তখন নির্ধারিত ফর্মে লিখিত চাহিদা পত্রে প্রডাকশন ম্যানেজার এর অনুমোদন স্বাক্ষর নিয়ে সরবরাহকারীর নিকট জমা দিয়ে নতুন নিড্‌ল উত্তোলন করা যাবে।

৪. নিড্‌লের ভাঙ্গা অংশ যদি স্থায়ীভাবে হারিয়ে যায় (If the broken parts of needle are parmanently lost)

ক) ভেঙ্গে যাওয়া নিড্‌লের মেশিন সংলগ্ন সকল গার্মেন্ট/ প্যানেল নিড্‌ল সনাক্তকারী যন্ত্রে পাস হবে না সেগুলো বাতিল (Reject) বলে গণ্য হবে।

খ) বাতিলকৃত সকল গার্মেন্ট নিড্‌ল সনাক্ত করণে ব্যার্থ বাক্সে (Needle detection failure box)-এ জমা করতে হবে।

৫. নিড্‌লের ভাঙ্গা অংশ জমাদান ব্যতিরেকে নতুন নিড্‌ল ইস্যু করণ (Issuing of needles without submition of broken parts)

ক) নির্ধারিত চাহিদা পত্রের মাধ্যমে নতুন নিড্‌ল উত্তোলন করা যেতে পারে।
খ) উক্ত রিকুইজিশন এ কারখানার প্রডাকশন ম্যানেজারে স্বাক্ষর থাকতে হবে।
গ) কোন যুক্তিসংগত কারণে চাহিদা পত্রে যদি প্রডাকশন ম্যানেজারের অনুমোদন বা স্বাক্ষর গ্রহন করা সম্ভব না হয় তবে কোয়ালিটি ম্যানেজার এর স্বাক্ষর থাকতে হবে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | মানবসম্পদ এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |

৬. ভাঙ্গা/অকেজো নিড্ল সংরক্ষণ (Broken/useless needle preservation) t

ক) সকল প্রকার ভাঙ্গা নিড্ল (Broken needle) এর ভাঙ্গা অংশসমুহ একের পর এক সাজিয়ে সংশিষ্ট অনুমদিত ছক সম্বলিত কাগজে স্কচ টেপ দিয়ে লাগিয়ে রাখতে হবে।

খ) সকল ব্যবহৃত/অকেজো নিড্ল (Used needle) সংশিষ্ট অনুমোদিত ছক সম্বলিত কাগজে স্কচ টেপ দিয়ে লাগিয়ে রাখতে হবে বা নির্ধারিত বাক্সে তালাবদ্ধ অবস্থায় মজুদ করতে হবে।

গ) কোন অবস্থাতেই উপানুচ্ছেদ (ক) ও (খ) এর ব্যত্যয় ঘটানো যাবে না।

ঘ) সংরক্ষনকৃত ভাঙ্গা/অকেজো নিড্ল নির্দ্দিষ্ট মেয়াদান্তে **মেসার্স সরকার এন্টারপ্রাইজ**, শিরিরচালা, বাঘের বাজার, গাজীপুর সদর, গাজীপুর এর সাথে চুক্তি করা হয়েছে এর নিকট হস্তান্তর করতে হবে। সংরক্ষনকৃত ভাঙ্গা/অকেজো নিড্ল অপসারনের সময় হ্যান্ড গ্লভস ও মুখে মাস্ক ব্যবহার করতে হবে।

কর্তৃপক্ষ এই মর্মে নির্দেশ প্রদান করছেন যে, সংশিষ্ট সকল বিভাগ এবং বিভাগে কর্মরত শ্রমিক অত্র নীতিমালার শতভাগ বাস্তবায়নের মাধ্যমে ক্রেতাদের কাছে প্রদত্ত প্রতিশ্রুতি এবং আচরণবিধি (COC) অনুযায়ী **"পণ্য নিরাপত্তা"** নিশ্চিত করবেন ।

**দায়িত্বপ্রাপ্ত বিভাগ : সংল্লিষ্ট বিভাগ ।**

| প্রস্তুতকারী | মানবসম্পদ এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
|---|---|---|
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |